




ISO 9001:2015 Certified



জামালপুর পল্লী বিদ্যুৎ সমিতি
বেলটিয়া, জামালপুর



ফোন নং-০৯৮১-৬৩০৩০/৬২৪০৩, ই-মেইল নং-jamalpurpbs@gmail.com

বিলিং সহকারী (কাজ নাই মজুরী নাই) পদে অনুষ্ঠিতব্য নিয়োগ পরীক্ষা সংক্রান্ত বিজ্ঞপ্তি

লিখিত/বহু নির্বাচনী পরীক্ষার তারিখ	: ১৫/০১/২০২১ খ্রি: ; রোজ শুক্রবার
লিখিত/বহু নির্বাচনী পরীক্ষার সময়	: সকাল ১০:০০ হতে ১১:০০ ঘটিকা পর্যন্ত
পরীক্ষার কেন্দ্রের নাম	: বেলটিয়া উচ্চ বিদ্যালয়, বেলটিয়া, জামালপুর।
ব্যবহারিক/মৌখিক পরীক্ষার সময়সূচী	: লিখিত পরীক্ষার দিন (১৫/০১/২০২১খ্রি:) অথবা পরের দিন (১৬/০১/২০২১খ্রি:) তারিখে রোজ শনিবার ব্যবহারিক/মৌখিক পরীক্ষা অনুষ্ঠিত হতে পারে। সেক্ষেত্রে ব্যবহারিক/মৌখিক পরীক্ষার সময় প্রার্থীকে নিম্নবর্ণিত কাগজাদি অবশ্যই সাথে আনতে হবেঃ- ০১) লিখিত পরীক্ষার প্রবেশ পত্র। ০২) সকল শিক্ষাগত যোগ্যতার মূল সনদ পত্র। ০৩) জাতীয় পরিচয়পত্রের মূলকপি/ জন্ম নিবন্ধন সনদের মূল কপি। ০৪) অন্যান্য যোগ্যতার (যদি থাকে) মূল সনদপত্র।

পরীক্ষার্থীদের প্রতি জরুরী নির্দেশনাবলী

০১।	যে সকল পরীক্ষার্থী পরীক্ষা সংক্রান্ত এসএমএস পেয়েছেন কিন্তু আগামী ১৩/০১/২০২১খ্রি: তারিখ পর্যন্ত প্রবেশপত্র হাতে পাবেন না তাদেরকে শুধুমাত্র আগামী ১৪/০১/২০২১ খ্রি: তারিখ; সকাল ০৯:০০ ঘটিকা হতে দুপুর ১২:০০ ঘটিকার মধ্যে অত্র অফিস থেকে ডুপ্লিকেট প্রবেশপত্র গ্রহণ করার জন্য অনুরোধ করা হলো। সেক্ষেত্রে এককপি সত্যায়িত পাসপোর্ট সাইজের রঙিন ছবি সঙ্গে আনতে হবে।
০২।	পরীক্ষার দিন অবশ্যই প্রবেশপত্র সাথে আনতে হবে। প্রবেশপত্র ছাড়া পরীক্ষায় অংশগ্রহণ করতে দেয়া হবে না।
০৩।	নির্ধারিত সময়ের অন্ততঃ ১৫ (পনের) মিনিট পূর্বে প্রার্থীকে আসন গ্রহণ করতে হবে। প্রবেশপত্র দেয়ার ১০.০০ মিনিট পর কোন পরীক্ষার্থীকে পরীক্ষা কক্ষে/ কেন্দ্রে প্রবেশ করতে দেয়া হবে না। পরীক্ষা শেষ হওয়ার পূর্বে পরীক্ষা কক্ষ ত্যাগ করা যাবে না। কোন কারণে পরিদর্শকের অনুমতি নিয়ে একবার পরীক্ষা কক্ষ ত্যাগ করলে পুনরায় পরীক্ষা কক্ষে প্রবেশ করতে দেয়া হবে না।
০৪।	উত্তরপত্র পূরণের জন্য বলপেন ব্যবহার করতে হবে। পেন্সিল ব্যবহার করা যাবে না।
০৫।	পরীক্ষা কক্ষে কোন ব্যাগ, বইপত্র, লেখাযুক্ত বা সাদা কাগজ এবং মুঠো ফোন ও ক্যামেরা আনা সম্পূর্ণ নিষিদ্ধ। তবে পরীক্ষার হলে সাধারণ ক্যালকুলেটর ব্যবহার করা যাবে, সাইন্টিফিক ক্যালকুলেটর ব্যবহার করা যাবে না।
০৬।	চাকুরীর আবেদনপত্রের সংগে মিল রেখে হাজিরা তালিকা, উত্তরপত্র এবং অন্যান্য কাগজপত্রে পরীক্ষার্থীর স্বাক্ষর এক ও অভিন্ন হতে হবে।
০৭।	পরীক্ষা শেষে পরীক্ষার্থীকে নিজ আসনে অবস্থান করে অবশ্যই প্রবেশপত্রসহ উত্তরপত্রটি পরিদর্শকের নিকট জমা দিতে হবে।
০৮।	উল্লিখিত নিয়মাবলী ভংগ করলে অথবা পরীক্ষা কক্ষে কোনরূপ অশোভন আচরণ করলে কর্তব্যরত পরিদর্শক উক্ত পরীক্ষার্থীকে পরীক্ষা কেন্দ্র থেকে বহিস্কার করতে পারবেন। ক্ষেত্রবিশেষে পরিদর্শক গোপনীয়ভাবে উক্ত পরীক্ষার্থীর রোল নম্বর বাংলাদেশ পল্লী বিদ্যুতায়ন বোর্ড কর্তৃপক্ষের নিকট জমা দেবেন এবং কর্তৃপক্ষ কর্তৃক প্রয়োজনবোধে তার বিরুদ্ধে আইনানুগ ব্যবস্থা গ্রহণ করা হবে।
০৯।	পূর্ববর্তী অন্য সকল সাধারণ নির্দেশনাবলী বহাল থাকবে।

05.01.2021

মা: আব্দুল খালেক
এজিএম(প্রশাসন)

জামালপুর (মানব সম্পদ) অ:দা
জামালপুর পবিস

05.01.2021

প্রকৌঃ মোঃ আলমগীর
জেনারেল ম্যানেজার
জামালপুর পবিস